



## বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮

ই-মেইল: deanoffice.fsa@bsmrmu.edu.bd, ওয়েব: www.bmu.edu.bd

### খন্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

- ১। বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি- এর ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন এর আওতাধীন মেরিটাইম সায়েন্স বিভাগের অধীনে পরিচালিত মাস্টার ইন মেরিটাইম সায়েন্স প্রোগ্রামের মে ২০২৫ সেমিস্টারের নিম্নলিখিত বিষয়ের জন্য খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হইতে ২২ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত আহ্বান করা যাইতেছে:
- ২। বিষয়সমূহ (প্রতি কোর্স ৩ ক্রেডিট; ৪২ ক্রেডিট আওয়ার):
- a) Port Design and Construction (MMS 509)
  - b) Supply Chain Management and Marketing (MPSM 522)
  - c) Offshore Operations (MMS 513)
- ৩। শিক্ষাগতযোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/এমফিল/সমমানডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত ন্যূনতম ০৩টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড থাকিতে হইবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।
- ৪। অভিজ্ঞতা:
- ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হইবেন।
- খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণের ক্ষেত্রে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যূনতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হইবেন।
- গ। ট্যাক্সেশন, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, পোর্ট অপারেশন্স, প্লানিং, শিপ ব্রোकिং, চার্টারিং, মেরিটাইম সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং এবং অর্গানোগ্রামভুক্ত যে সকল বিষয়ে পেশাগত শিক্ষক সহজে পাওয়া যায় না, সে সকল বিষয়সহ অন্যান্য পেশাগত বিষয় সংযুক্ত করত: কর্পোরেট সংস্থা/সরকারি সংস্থা হতে যোগ্য ব্যক্তি/ব্যক্তিবর্গকে শিক্ষক হিসাবে নির্বাচন করার ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:
- (১) সরকারী সংস্থায় কর্মরত প্রফেশনালস্‌গণ নিজ প্রতিষ্ঠানে যে পদ/গ্রেডে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদ/গ্রেডে নিযুক্ত হইবেন।
  - (২) কর্পোরেট সংস্থায় নিয়োজিত প্রফেশনালস্‌দের ক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যূনতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ করার জন্য বিবেচিত হইবেন।
- ঘ। সংশ্লিষ্ট ক্ষেত্রে পেশাগত বিষয়ে সুনামের অধিকারী হইতে হইবে এবং ইংরেজিতে দক্ষ হইতে হইবে।
- ঙ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমতি/ছাড়পত্র থাকিতে হইবে।
- ৫। নিয়োগের ক্ষেত্রে প্রকাশনাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
- ৬। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করিতে হইবে।
- ৭। একটি সেমিস্টারে একটি কোর্স প্রদানের জন্য খন্ডকালীন শিক্ষক হিসাবে নিয়োজিত শিক্ষকগণকে নিম্নরূপভাবে সম্মানী প্রদান করা হইবে:

ক্র. নং	পদবী	সম্মানী (প্রতি কন্ট্যাক্ট আওয়ার হিসেবে)	অন্যান্য পারিতোষিক	মন্তব্য
১।	অধ্যাপক	২,১০০.০০	১৩,৪০০/০০	সকল সম্মানী উৎসে আয়কর কর্তনযোগ্য
২।	সহযোগী অধ্যাপক	২,০০০.০০	১৩,২০০/০০	
৩।	সহকারী অধ্যাপক	১,৮০০.০০	১৩,০০০/০০	
৪।	প্রভাষক	১,৬০০.০০	১২,৫০০/০০	

(বিশেষ দ্রষ্টব্য: আগ্রহী প্রার্থীগণ ০২ সেট আবেদন পত্রের ০১ সেট রেজিস্ট্রার অফিস বরাবর এবং ০১ সেট ডিন অফিস, ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন বরাবর এবং সফটকপি ই-মেইলে (deanoffice.fsa@bsmrmu.edu.bd) প্রেরণ করিবেন।)

